

বাংলা খুঁজি

আহমেদ সাবের

আমি তো ভাই বাংলা ছেড়ে বাংলা খুঁজি;
গ্রোভেলিয়ার বনে আমি ঝিংগা ফুলের জাংলা খুঁজি।

দিঘল গামের বনে যখন জোর বাতাসের দমকা উঠে,
দূর আকাশের কোনে যখন কালো মেঘের চমক ফুটে,
আমি তখন আকাশ জুড়ে কাল বোশেখীর চিত্র দেখি,
মনের মাঝে শ্রাবন ধারায় ভালবাসার পত্র লেখি।

ব্ল্যাকটাউনে কালীগঞ্জ, এ্যাসফিল্ডে পোড়ামাটি,
প্যারামাউয়ে পরমাত্মা, নিত্য দিনের জিয়ন-কাঠি।
নীল পাহাড়ের সীমায় খুঁজি সীতাকুণ্ডের পাথর ছায়া,
হল্পবারিতে মেঘনা খুঁজি, স্রোতস্বীনির দীর্ঘ কায়া।

ম্যাগপাইতে দোয়েল খুঁজি, ফিঙ্গে খুঁজি বনের ছায়ায়,
ক্যাঙারুতে হরিন খুঁজি, পাইন গাছের গভীর মায়ায়।
বটল ব্রাশে কদম খুঁজি, গাছের নীচে ঝরা বকুল।
গ্রীষ্ম এলে দিব্য দেখি আম কাঁঠালের রেশমী মুকুল।

জন বিরল পথে খুঁজি আলতা পায় পল্লী বালা,
নদীর বুকে খুঁজে বেড়াই সুতোয় গাঁথা নৌকার মালা।
পদ্মা নদীর ইলিশ খুঁজি নিপিয়ানের গভীর জলে,
সিডনীটাকে ঢাকা ভাবি কখন কিবা ভ্রমের ছলে।

ক্লান্ত দিনের শেষে যখন, ফেয়ারমন্টে রাত্রি নামে,
বাংলাদেশের ঝিঁ ঝিঁ গুলো কানের কাছে এসে থামে।
সাত সাগরের পাড়ে বসে আমি তখন চক্ষু বুজি,
বাংলা আসে বুকুর কাছে, আমি শুধু বাংলা খুঁজি।

Sydney October 10, 2006